দৈনিক
তারিখ JUL 24 2006

# শাবিতে ভিসিবিরোধী আন্দোলন ফে…
# চাঙ্গা॥ কর্মচারীদের হাতে দু…
# শিক্ষক লাঞ্ছিত, নিয়োগসভা স্থগিত…

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ঃ** শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ভিসিবিরোধী আন্দোলন চাঙ্গা হয়ে উঠছে। ক্যাম্পাসের ভিতরে ও বাইরে প্রতিবাদ বিক্ষোভ চলছে। রবিবার ক্যাম্পাসে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকদের কর্মসূচী চলাকালীন ভিসিপন্থী কর্মচারীরা হামলা চালায়। তাঁরা কর্মসূচীর ব্যানার ছিঁড়ে ফেলে। দু'জন শিক্ষকও তাদের হাতে লাঞ্ছিত হন। আন্দোলনের মুখে শিক্ষক নিয়োগ বোর্ডের সভা স্থগিত করা হয়েছে। রবিবার পদত্যাগী ভিসির পুনর্বহাল বাতিল, শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা, নতুন ভিসি নিয়োগ, ছাত্র শামীম হত্যার বিচার বিভাগীয় তদন্তের দাবিতে ছাত্রলীগ শাবি শাখা সভা-সমাবেশ করেছে। সিলেট জেলা ১৪ দল সিলেট কোর্ট পয়েন্টে সমাবেশ করেছে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট একই দাবিতে নগরীতে মিছিল সমাবেশ করেছে।

ভিসি মোসলেহ উদ্দিনের অপসারণ, চলমান শিক্ষক নিয়োগ বাণিজ্য বন্ধ, সৎ নিষ্ঠাবান ভিসি নিয়োগ ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবিতে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মুখে অবস্থান ধর্মঘট শুরু করেন। সকাল ১০টায় ডানপন্থী শিক্ষক কর্মকর্তা

## ১৪ দলের মিছিল সমাবেশ

প্রদান করে তাদের কর্মসূচীস্থল থেকে সরিয়ে দেয়ার চে…
চালায়। এই সময় উভয় পক্ষের মধ্যে বাকবিতণ্ডা হ…
হয়। ভিসিপন্থী কর্মচারীরা ব্যানার ছিঁড়ে ফেলে অব…
ধর্মঘট পালনকারীদের ওপর হামলার প্রস্তুতি নে…
একপর্যায়ে ডানপন্থী শিক্ষকরা অবস্থান গ্রহণক…
শিক্ষকদের দাবির সঙ্গে একাত্মতা ঘোষণা করলে উত্তে…
প্রশমিত হয়। শিক্ষকরা অবস্থান কর্মসূচী থেকে স…
আসেন। এরপর ভিসিপন্থী কর্মচারী এখানে সমাবেশ ক…
তাঁরা চলমান নিয়োগ প্রক্রিয়া অব্যাহত থাকবে বলে উ…
করে বলেন, ভিসি প্রফেসর মোসলেহ উদ্দিন আছেন এ…
থাকবেন। ভিসির বিরুদ্ধে শিক্ষকদের যে কোন আন্দো…
কঠোর হস্তে মোকাবিলা করার ঘোষণা দেন। দুপুর ১২…
মুক্তিযুদ্ধে উদ্বুদ্ধ বাংলাদেশী জাতীয়তাবাদ, ধর্…
মূল্যবোধে বিশ্বাসী উদারনৈতিক শিক্ষক গ্রুপের ব্যান…
ডানপন্থী শিক্ষকরা ক্যাম্পাসে র‍্যালি সমাবেশ করে…
সমাবেশে ১২ থেকে ১৪ মে পর্যন্ত অনাকাঙ্ক্ষি…

## শাবিতে ভিসিবিরোধী

(১২-এর পাতার পর)

ঘটনাবলীর বিচার বিভাগীয় তদন্ত সাপেক্ষে দোষীদে…
শাস্তি, অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও বিশ্ববিদ্যাল…
বিরুদ্ধে যে কোন ষড়যন্ত্র প্রতিহত করার ঘোষণা দেয়া হ…
এখানে বক্তব্য রাখেন, প্রফেসর ড. হাবিবুল আহসান, …
সাজেদুল করিম, ড. মোস্তফা জামান, মোঃ রাজিক মি…
জাহিদুল হক প্রমুখ। বিকালে সিলেট কোর্ট পয়ে…
আয়োজিত ১৪ দলের সমাবেশে বক্তারা ভিসি প্রফে…
মোসলেহ উদ্দিনের অপসারণ, নতুন ভিসি নিয়ো…
বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও ছাত্র শামীম হত্যার বিচ…
বিভাগীয় তদন্ত সাপেক্ষে দোষীদের অবিলম্বে গ্রেফত…
করা না হলে কঠোর কর্মসূচী গ্রহণ করার কথা উল্লে…
করেন। তাঁরা বর্তমান সরকারের দুর্নীতির কথা উল্লেখ ক…
বলেন, বিএনপি সরকার সকল ক্ষেত্রে দলীয়করণে…
রাজনীতি শুরু করেছে। ১৪ দলের জেলা সমন্বয়…
আওয়ামী লীগ জেলা সভাপতি আনম শফিকুল হকে…
সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন, ব্যারিস্ট…
আরশ আলী, সৈয়দ আব্দুল হান্নান, ইফতেখার হোসে…
শামীম, লোকমান আহমদ, আবুল হোসেন, ইমদাদুল হ…
সুব্রত পুরকায়স্থ, শেখ মকসু মিয়া, আসাদ উদ্দিন, হাবি…
রহমান সেলিম, সিকন্দার আলী, মোজাহিদ আলী প্রমুখ।
উল্লেখ্য, ভিসি প্রফেসর মোসলেহ উদ্দিন ক্যাম্পাসে ফি…
আসার পর থেকে ছাত্রদল শিবির ক্যাডাররা ক্যাম্পা…
সর্বক্ষণিক মহড়া দিয়ে ভীতিকর পরিস্থিতি সৃষ্টি ক…
রেখেছে। বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা রেখেই ভিসি নতু…
শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শুরু করেন। এই প্রক্রিয়ার অধী…
রবিবার রাষ্ট্রবিজ্ঞান ও লোক প্রশাসন বিভাগের শিক্ষ…
নিয়োগের বাছাই পরীক্ষা হওয়ার কথা ছিল।